

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১২৫.২১-১০৫৬

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮

২৬ আগস্ট ২০২১


বিষয়: রিট পিটিশন নং- ৩৮৭০/২০২১ এ প্রদত্ত স্থগিতাদেশ ভ্যাকেটকরণসহ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের সহকারী রেজিস্ট্রার কার্যালয় থেকে ০৪/০৪/২০২১ তারিখে প্রেরিত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার রামপাল উপজেলার ভোজপাতিয়া ইউনিয়ন পরিষদের ০৮ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদপ্রার্থী জনাব মো: আলম সরদার-এর দাখিলকৃত মনোনয়নপত্র ১৯/০৩/২০২১ তারিখে রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল করায় প্রার্থী সংক্ষুব্ধ হয়ে বর্ণিত বিষয়টিকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৬ (ছয়) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তেঃ রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে ০৩ (তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৩৮৭০/২০২১ মোকদ্দমায় জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ তর্কিত বিষয়ে সরকারপক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এ সজ্ঞা প্রেরণ করা হলো।

সংযুক্তি:.....(পাতা)।



২৬-৮-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল:

mohiuddinshameem952@gmail.com

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১২৫.২১-১০৫৬/১

তারিখ: ১১ ভাদ্র ১৪২৮

২৬ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয় বাংলাদেশ সুপ্রিম কোর্ট এলাকা শাহাবাগ, ঢাকা-১০০০।
- ২) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ৩) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৬) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



২৬-৮-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব